# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** একটি দেশ 'ক' এবং 'খ' দুটি অংশে বিভক্ত। 'ক' অঞ্চলের শাসকবর্গ 'খ' অঞ্চলের অধিবাসীদের উপর তাদের ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে চাপিয়ে দিতে চায়। কিন্তু 'ক' অঞ্চলের মানুষ তা মেনে না নিয়ে বরং তার বিরুদ্ধে আন্দোলন শুরু করে। ফলে বাধ্য হয়ে 'ক' অঞ্চলের শাসকবর্গ 'খ' অঞ্চলের বসবাসরত মানুষের মাতৃভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়।

ক. তমদ্দুন মজলিস কোন ধরনের প্রতিষ্ঠান? ১

খ. মৌলিক গণতন্ত্র কী? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' ও 'খ' দেশের দুটি অংশে ভাষা ছাড়া অন্য কী কী বৈষম্য ফুটে উঠেছে? ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত আন্দোলনের মাঝেই 'খ' নামক দেশের স্বাধীনতার বীজ নিহিত ছিল— তা বিশ্লেষণ কর। ৪

**২.▶**



ক. মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে কত তারিখ? ১


খ. বাংলাদেশের সংবিধানের ২টি বৈশিষ্ট্য বর্ণনা কর। ২

গ. উদ্দীপকের চিত্রটি আমাদের কোন ঐতিহাসিক ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাঙালি জাতির ইতিহাসে চিত্রে উল্লেখিত ঘটনাটি এক স্মরণীয় দলিল।' বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶




ক. সৌরজগতের সকল গ্রহ উপগ্রহের নিয়ন্ত্রক কে? ১

খ. জোয়ার ভাটার কারণ ব্যাখ্যা কর। ২

গ. 'A' গ্রহে প্রাণের অস্তিত্ব সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'C' গ্রহে জীবের বসবাস উপযোগী পরিবেশ রয়েছে কেন? ৪

৪.▶ 'ভূমিকম্প ঝুঁকি ও বাংলাদেশ' শীর্ষক একটি সেমিনারে বাংলাদেশকে তিনটি ভূমিকম্প ঝুঁকিপূর্ণ অঞ্চলে ভাগ করে দেখানো হয়। সেই সংগে ক্ষয়ক্ষতি রোধে মানুষকে সচেতনতা বৃদ্ধিমূলক পরামর্শ দেওয়া হয়।

ক. সামগ্রিকভাবে বাংলাদেশ কী জলবায়ুর দেশ নামে পরিচিত? ১

খ. মার্চ হতে মে মাস উষ্ণতম ঋতু— ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশ ভূমিকম্প প্রবণ হওয়ার বিষয়ে কারণটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কারণটির প্রভাব রোধে আমাদের কিছু পদক্ষেপ নেওয়া জরুরি— উক্তিটি মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

৫.▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. বিতর্ক সভা কাকে বলে? ১

খ. UNHCR এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২

গ. '?' চিহ্নিত স্থানের সংস্থাটির গঠনের পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশ্বশান্তি প্রতিষ্ঠায় উক্ত সংস্থায় বাংলাদেশের শান্তিরক্ষী বাহিনীর অবদান বিশ্লেষণ কর। ৪

৬.▶ নাছির উদ্দিন সাহেব বাংলাদেশের সর্বাপেক্ষা প্রাচীন প্রতিষ্ঠানের একজন নির্বাচিত সদস্য। তিনি ছাড়া আরও ১২ জন সদস্য আছেন। তিনি কৃষি, স্বাস্থ্য, মৎস, পশুপালন শিক্ষা বিষয়ক বিভিন্ন সেবা কার্যক্রম পরিচালনা করে থাকেন।


ক. বাংলাদেশের সরকার প্রধান কে? ১
খ. জরুরি অবস্থায় রাষ্ট্রপতির ক্ষমতা ব্যাখ্যা কর। ২
গ. নাছির উদ্দিন সাহেব বাংলাদেশের যে স্থানীয় প্রতিষ্ঠানের সদস্য তার গঠন ব্যাখ্যা কর। ৩
ঘ. নাছির সাহেবের কাজগুলো উক্ত প্রতিষ্ঠানের জন্য যথেষ্ট বলে মনে কর কি? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৭.▶

| দেশের নাম | অর্থনৈতিক অবস্থা |
|---|---|
| ‘ক’ দেশ | কৃষির উপর অর্থনৈতিক নির্ভরতা, ব্যাপক বেকারত্ব, নিম্ন মাথাপিছু আয়। |
| ‘খ’ দেশ | মাথাপিছু আয় বৃদ্ধি, উন্নয়নের উদ্যোগ গ্রহণ, কৃষির ক্রমোন্নতি। |

ক. মাথাপিছু আয় কী? ১
খ. দারিদ্র্যের দুষ্টচক্র কী? ব্যাখ্যা কর। ২
গ. ‘ক’ দেশে কোন ধরনের অর্থনৈতিক অবস্থা বিদ্যমান? ৩
ঘ. ‘ক’ ও ‘খ’ দেশের মধ্যে বাংলাদেশের কোন ধরনের অর্থনৈতিক অবস্থা বিদ্যমান বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮.▶




ক. সরকারের আয়ের উৎসকে কয়ভাগে ভাগ করা যায়? ১
খ. ‘শিক্ষা বাংলাদেশ সরকারের ব্যয়ের গুরুত্বপূর্ণ খাত’— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ছকে প্রদর্শিত প্রথম প্রতিষ্ঠানটির কাজ বর্ণনা কর। ৩
ঘ. ‘ছকে প্রদর্শিত প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও স্বকর্মসংস্থানে ভূমিকা রাখছে’— উক্তিটির সঙ্গে একমত হলে যুক্তি দেখাও। ৪

Teachingbd24.com

৯.▶ আবুল তার বাবা-মার একমাত্র সন্তান। চাকরি সূত্রে থাইল্যান্ডে ৩ বছর থাকার পর দেশে ফিরে আসে। তার শারীরিক অবস্থা আগের মত নেই। সে কর্মচঞ্চলতা হারিয়ে ফেলেছে। সার্বক্ষণিক জ্বর ও পাতলা পায়খানা হচ্ছে। আবুলের বাবা-মা আবুলের এ অবস্থা দেখে চিন্তিত হন এবং দ্রুত গতিতে ডাক্তারের পরামর্শ নেন। ডাক্তার আবুলকে রক্ত পরীক্ষা করতে বলেন।

ক. বিশ্বে প্রথম কত সালে HIV শনাক্ত করা হয়? ১

খ. এইডস কোনো ছোঁয়াচে রোগ নয়— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আবুল যে রোগে আক্রান্ত হয়েছে তার কারণ— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'গণসচেতনতাই উক্ত রোগ প্রতিরোধের একমাত্র উপায়।'— উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ দেশের মধ্যে বিপদগামী কিছু সদস্য দেখা যায় আক্রমণাত্মক ও হিংসাত্মক উপায়ে রাষ্ট্র বা সমাজ সমর্থন করেন এমন সব সংস্কারের সমর্থনে সমবেতভাবে কাজ করছে। তারা মাঝে মধ্যে বোমা, গুপ্তহত্যা, অস্ত্র ব্যবহার, অত্যাধুনিক সামরিক অস্ত্রও ব্যবহার করে। এ ধরনের সংগঠনের সদস্যরা ছিনতাই ও ডাকাতি কাজেও লিপ্ত থাকে। এ ধরনের সংগঠনের কার্যক্রম সমাজ জীবনকে মারাত্মকভাবে প্রভাবিত করে।

ক. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ কী? ১

খ. কিশোর অপরাধের দুটি কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যার প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত সংগঠনের কার্যক্রম সমাজ জীবনকে মারাত্মকভাবে প্রভাবিত করে বিশ্লেষণ কর। ৪

১১.▶ জন্মের পর থেকে আরিফ তার দাদার বাড়িতে তার চাচাতো ভাইয়ের সাথে বড় হয়েছে। তারা সবাই মিলে দাদার সঙ্গে এক সাথে বড় ডাইনিং টেবিলে বসে খাবার খায়। প্রতিদিন তারা বাড়ির পার্শ্ববর্তী মসজিদে গিয়ে নামাজ আদায় করে এবং প্রতিদিন সকালে পবিত্র কুরআন তিলাওয়াত করে।

ক. সমাজের প্রাথমিক প্রতিষ্ঠান কী? ১

খ. 'সামাজিকীকরণের সূত্রপাত ঘটে মা হতেই।'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত আরিফের পরিবারকে কোন ধরনের পরিবার বলা যেতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আরিফের সামাজিকীকরণের ক্ষেত্রে ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা কর।৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. গণপরিষদে উর্দু ও ইংরেজির পাশাপশি বাংলার ব্যবহারের দাবি জানান কে?
ⓚ এ কে ফজলুল হক
ⓚ তমদ্দুন মজলিস
ⓖ ধীরেন্দ্রনাথ দত্ত
ⓖ অধ্যাপক আবুল কাশেম

২. মোহাম্মদ আলী জিন্নাহ কখন বলেন উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা?
ক) ১৯৪৭ সালের ২ সেপ্টেম্বর
খ) ১৯৪৮ সালের ২১ মার্চ
গ) ১৯৫২ সালের ২৬ মার্চ
ঘ) ১৯৫১ সালের মার্চ মাসে

৩. মুক্তিফৌজের মধ্যে অন্তর্ভুক্ত ছিল—
i. নিয়মিত বাহিনী
ii. মিত্রবাহিনী
iii. সাধারণ যোদ্ধা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৪. কোন তারিখে স্বাধীন বাংলাদেশ সরকার ভারত থেকে ঢাকায় এসে শাসন ক্ষমতা গ্রহণ করে?
ক) ১৬ ডিসেম্বর ৭১   খ) ২২ ডিসেম্বর ৭১
গ) ১০ এপ্রিল ৭২   ঘ) ১০ জানুয়ারি ৭২

৫. পোশাক খাতে সারা বিশ্বে বাংলাদেশ কততম অবস্থানে রয়েছে?
ক) ২য়   খ) ৩য়
গ) ৪র্থ   ঘ) ৫ম

৬. কোনটি মঙ্গলের উপগ্রহ?
ক) ইউরোপা   খ) টাইটান
গ) টাইটানিয়া   ঘ) ফেবোস

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:

A ও B এর দ্রাঘিমা যথাক্রমে ২০°৩০ পূর্ব ও ৩০°৩০ পূর্ব।

৭. A এর স্থানীয় সময় সকাল ১০টা ২০ মিনিট হলে B এর সময় কত?
ক) বেলা ১১টা   খ) ৯ টা ২০ মিনিট
গ) ৯ টা ৪০ মিনিট   ঘ) ৮ টা ৩০ মিনিট

৮. B থেকে C এর অবস্থান ১৫° পূর্বে অবস্থিত হলে একই সময়ে C এর স্থানীয় সময় কত হবে?
ক) ১১টা ৩০ মিনিট   খ) ১২টা
গ) ১২টা ৫ মিনিট   ঘ) ১০টা ২০ মিনিট

৯. দক্ষিণ পূর্বাঞ্চলের পাহাড়সমূহের বৈশিষ্ট্য—
i. পাহাড়গুলো বেলে পাথর দিয়ে তৈরি
ii. পিরামিড এ অঞ্চলের পাহাড়
iii. বিজয় এ অঞ্চলের পাহাড়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১০. প্রলয়ঙ্করী বলয়ের অন্তর্ভুক্ত—
ক) বান্দরবান   খ) ঢাকা
গ) দিনাজপুর   ঘ) কুমিল্লা

১১. কোন কাজটি রাষ্ট্রের অপরিহার্য কাজ?
ক) শিক্ষামূলক কাজ
খ) স্বাস্থ্য ও পুষ্টিসংক্রান্ত কাজ
গ) উন্নয়নমূলক কাজ   ঘ) দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ

১২. আধুনিক রাষ্ট্রের আইনের প্রধান উৎস কোনটি?
ক) প্রথা   খ) ধর্ম
গ) আইনসভা   ঘ) ন্যায়বোধ

১৩. নাফ নদীর দৈর্ঘ্য কত?
ক) ২০৮ কিমি.   খ) ৩২০ কিমি.
গ) ৫৬ কিমি.   ঘ) ১২০ কিমি

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

'ক' দেশের সরকার প্রধান, 'খ' হচ্ছেন দেশের রাষ্ট্রপ্রধান।

১৪. 'খ' এককভাবে কোন কাজটি করতে পারেন?
ক) সেনাবাহিনীর প্রধান নিয়োগ
খ) প্রধানমন্ত্রী নিয়োগ
গ) জরুরি অবস্থা জারি
ঘ) সংসদ আহ্বান

১৫. 'ক' যে কাজ করেন—
i. প্রধান বিচারপতি নিয়োগ
ii. মন্ত্রীদের দপ্তর বণ্টন
iii. প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৬. গণতন্ত্র কয়টি পদ্ধতিতে কার্যকর হয়?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

১৭. 'আধুনিক গণতান্ত্রিক শাসন কার্যত রাজনৈতিক দলের শাসন।' কে বলেছেন?
ক) ম্যাকাইভার খ) ফাইনার
গ) এরিস্টটল ঘ) আব্রাহাম লিংকন

১৮. নির্বাচনি অপরাধ ও তার দণ্ড নির্ধারণ সংক্রান্ত গণপ্রতিনিধি আদেশ কখন জারি করা হয়?
ক) ১৯৭২ সালে খ) ১৯৭৩ সালে
গ) ১৯৭৪ সালে ঘ) ১৯৭৫ সালে

১৯. জাতিসংঘের কোন পরিষদকে বিতর্কসভা বলা হয়?
ক) নিরাপত্তা পরিষদ খ) সাধারণ পরিষদ
গ) অছি পরিষদ ঘ) আন্তর্জাতিক আদালত

২০. বেইজিং + 10 সম্মেলন কোন শহরে অনুষ্ঠিত হয়?
ক) নিউইয়র্ক খ) বেইজিং
গ) নাইরোবি ঘ) মেক্সিকো

২১. অর্থনৈতিক কার্যাবলি সম্পাদনা করার সঠিক পর্যায় কোনটি?
ক) অভাব → উৎপাদন → বণ্টন → ভোগ → প্রচেষ্টা
খ) অভাব → প্রচেষ্টা → উৎপাদন → বণ্টন → ভোগ
গ) উৎপাদন → প্রচেষ্টা → অভাব → ভোগ → বণ্টন
ঘ) অভাব → ভোগ → উৎপাদন → বণ্টন → প্রচেষ্টা

২২. মুক্তবাজার অর্থনীতি সম্ভব কোন অর্থনৈতিক ব্যবস্থায়?
ক) সমাজতান্ত্রিক খ) ধনতান্ত্রিক
গ) মিশ্র ঘ) খ + গ

২৩. মাথাপিছু আয় সর্বনিম্ন কত থাকলে উচ্চ আয়ের দেশ হতে পারে?
ক) ১২২৭৫ মার্কিন ডলার
খ) ১২২৭৬ মার্কিন ডলার
গ) ৩৮৫৪০ মার্কিন ডলার
ঘ) ৩৮৫৪৬ মার্কিন ডলার

২৪. X ব্যক্তি বিদেশ থেকে চাল আমদানি করে। X ব্যক্তির উপর কোন ধরনের কর আরোপ করা হয়?
ক) আবগারি শুল্ক খ) মূল্য সংযোজন কর
গ) বাণিজ্য শুল্ক ঘ) কররেশন কর

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
ছোটনের বয়স ৫ বছর। পরিবারের গণ্ডি পেরিয়ে বাইরের জগতের সাথে তার ভাব বিনিময় শুরু হয়।

২৫. ছোটনের সামাজিকীরণের কোন উপাদানের কথা বলা হয়েছে?
ক) বিদ্যালয় খ) খেলার সাথি
গ) ধর্মীয় প্রতিষ্ঠান ঘ) পরিবার

২৬. উক্ত উপাদানের প্রভাবে ছোটনের মধ্যে কোন ধরনের প্রভাব পরিলক্ষিত হবে?
i. নেতৃত্বের গুণাবলি বিকশিত হবে
ii. আনুষ্ঠানিক শিক্ষা পাবে
iii. মানবিক গুণাবলি বিকশিত হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. কোনটি সামাজিক মূল্যবোধের উদাহরণ?
ক) মার্জিত আচরণ
খ) বেশি বেশি সমালোচনা
গ) অসভ্যতা ঘ) দুর্নীতি করা

২৮. কোনটি নারীর প্রতি সহিংসতার রূপ নয়?
ক) যৌতুকের কারণে নির্যাতন
খ) মানসিক যন্ত্রণা
গ) শিশু পাচার
ঘ) নারীকে চাকরি দেওয়া

২৯. স্মৃতির মিনার কবিতার রচয়িতা কে?
ক) আলাউদ্দিন আল আজাদ
খ) হুমায়ুন আহমেদ
গ) মুনীর চৌধুরী
ঘ) মাহবুবুল আলম

৩০. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু হয়?
ক) ২৬ মার্চ ১৯৭০ খ) ২৬ মার্চ ১৯৭১
গ) ২৬ মার্চ ১৯৬৯ ঘ) ২৫ মার্চ ১৯৭১

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com